# বাংলাদেশ শিপিং কর্পোরেশন

বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

Website: www.bsc.gov.bd


নং-১৮.১৬.০০০০.৩৮৩.৫৭.০০১.১৯ তারিখ: ২৩ এপ্রিল, ২০১৯ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

**বাংলাদেশ শিপিং কর্পোরেশনের জাহাজ বহরে (বাল্ক ও ট্যাংকার) মাষ্টার ও চীফ ইঞ্জিনিয়ার পদে স্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রকৃত অভিজ্ঞতা ও যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নেবর্ণিত শর্তাবলী সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ-**

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | বয়স | বেতনস্কেল (বিএসসির বেতনস্কেল- ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১। | **মাষ্টার** | ০৮টি | অনুর্ধ্ব ৫২ বৎসর | টাঃ ৮৪০০০-৮৭১৫০-৯০৪২০-৯৩৮২০-৯৭৩৪০- ১০১০০০-১০৪৭৯০-১০৮৭২০-১১২৮০০-১১৭০৩০-১২১৪২০-১২৫৯৮০-১৩০৭১০ | প্রথম শ্রেণীর কম্পিটেন্সি সার্টিফিকেট (ডেক অফিসার) অথবা সমমানের সার্টিফিকেট। |
| ০২। | **চীফ ইঞ্জিনিয়ার** | ০৮টি | অনুর্ধ্ব ৫২ বৎসর | টাঃ ৮৪০০০-৮৭১৫০-৯০৪২০-৯৩৮২০-৯৭৩৪০- ১০১০০০-১০৪৭৯০-১০৮৭২০-১১২৮০০-১১৭০৩০-১২১৪২০-১২৫৯৮০-১৩০৭১০ | প্রথম শ্রেণীর কম্পিটেন্সি সার্টিফিকেট (মেরিন ইঞ্জিনিয়ার অফিসার) অথবা সমমানের সার্টিফিকেট। |

০১। আবেদনকারীকে সরকার (জনপ্রশাসন মন্ত্রণালয়) কর্তৃক চাকুরীর নির্ধারিত আবেদন ফরম পূরণ করে আগামী ৩০ মে, ২০১৯ খ্রি. তারিখের মধ্যে **"মহাব্যবস্থাপক (শিপ পার্সোনেল), বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম**-এর বরাবর হার্ডকপি অথবা ই-মেইলের (**gm-spd@bsc.gov.bd**) মাধ্যমে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত তারিখে/সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। হার্ডকপি প্রেরণের ক্ষেত্রে খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে এবং বিএসসির ওয়েব সাইট www.bsc.gov.bd তে পাওয়া যাবে।

০২। **আবেদনপত্রের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে ঃ**

(ক) আবেদনকারীর একটি জীবন বৃত্তান্ত (Curriculam Vitae); (খ) সকল শিক্ষাগত যোগ্যতা সনদের একসেট ফটোকপি বা স্কেন কপি; (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ছবি; (ঘ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রদত্ত চারিত্রিক সনদ বা প্রশংসাপত্র; (ঙ) জাতীয় পরিচয়পত্র / পাসপোর্টের ফটোকপি বা স্কেন কপি; (চ) সিডিসি এবং সিওসির ফটোকপি বা স্কেন কপি; (ছ) এসআইডি (SID) কার্ডের ফটোকপি বা স্কেন কপি; এবং (জ) অভিজ্ঞতা সনদের ফটোকপি বা স্কেন কপি।

বি.দ্র. আবেদনপত্রে পদের নাম উল্লেখের ক্ষেত্রে "মাস্টার (স্থায়ী)" অথবা "চিফ ইঞ্জিনিয়ার (স্থায়ী)" লিখতে হবে।

০৩। **সাক্ষাৎকার অথবা মৌখিক পরিক্ষার সময় যে সকল কাগজপত্র সঙ্গে আনতে হবে ঃ**

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত কপি; (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; (গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌর-সভার চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ও জাতীয় পরিচয়পত্র; (ঘ) সদ্য তোলা ০৪ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি; (ঙ) অভিজ্ঞতা সনদপত্র; (চ) সিডিসি এর সত্যায়িত কপি; (ছ) সিওসি ক্লাস-১ এর সত্যায়িত কপি।

(জ) প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদিত চাকুরি প্রার্থীদেরকে নিম্নেবর্ণিত কাগজপত্রে ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবেঃ-

(১) মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ; (২) মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ; (৩) গেজেট নম্বর ও তারিখ; (৪) মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর; (৫) বামুস সনদ নম্বর ও তারিখ; (৬) মুক্তিযোদ্ধার নাতি-নাতনী দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র; (৭) মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র পোষ্যদের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়ন পত্র; (৮) সম্প্রতি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম ও অন্যান্য তথ্যাদি সম্বলিত তালিকার কপি।

উল্লেখ্য যে, সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় অনুচ্ছেদ ০২ এবং ০৩ এ চাহিদাকৃত সনদসমূহ এবং কাগজপত্রের মূলকপি ও ০২ (দুই) সেট সত্যায়িত ফটোকপি সঙ্গে আনতে হবে।

০৪। উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে জেলা প্রশাসক/সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত সনদের প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

০৫। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নিয়ম/নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৬। আগামী ৩০ জুন, ২০১৯ খ্রি. তারিখে প্রার্থীর বয়স অনুর্ধ্ব ৫২ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহনযোগ্য হবে না।

০৭। প্রার্থীদেরকে সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার-এ অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৮। কর্তৃপক্ষ সরকারী বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন। আবেদনপত্র গ্রহণ, বাছাই এবং নিয়োগের ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাংলাদেশ শিপিং কর্পোরেশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৯। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। প্রার্থীর বর্তমান যোগাযোগের ঠিকানা হার্ডকপি ও ই-মেইল উভয়ক্ষেত্রে স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

১১। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আগাম ছাড়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

১২। নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তি/প্রার্থীকে ০১ (এক) বছরের জন্য শিক্ষানবিস থাকতে হবে।

১৩। বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস বৃদ্ধি বা বাতিল/প্রত্যাহারের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**মহাব্যবস্হাপক (শিপ পার্সোনেল)**
**বাংলাদেশ শিপিং কর্পোরেশন**
**ও**
**সদস্য-সচিব, নিয়োগ কমিটি**
**বিএসসি ভবন, পোঃ বক্স নং-৬৪১,**
**সল্টগোলা রোড, চট্টগ্রাম।**